



এই টিউটোরিয়ালে আপনি শিখবেন কিভাবে একটি ড্রস্টিং ব্যাগ বানাতে হয়।




(দ্রুত এবং সহজে তৈরি করতে পারবেন, এতে জিনিস রাখা এবং ঝুলানো অত্যন্ত সুবিধাজনক, সোজাসুজি এই ব্যাগ দিয়ে আপনি বহন করতে পারেন যেকোনো কিছু বই থেকে শুরু করে আনুষাঙ্গিক অনেক কিছু এবং একটি দুর্দান্ত ভ্রমনে সাথী হিসাবে ব্যবহার করতে পারেন)

এই ব্যাগ বানানোর জন্য আপনার প্রয়োজন হবে -  
একটি ১৭\*১৪ ইঞ্চি ফ্যাব্রিকের টুকরা, ১২ ফুট লাম্বা  
একটি দড়ির টুকরা, কিছু সূতা, পাস্টিকের সুই যা  
আপনাকে সহায়তা করবে দড়িটি ডুকাতে, এবং একটি  
ইন্সি।

চলুন এখন শুরু করা যাক চারটি কর্ণার নিয়ে -  
কর্ণারগুলো ৫ ইঞ্চি করে ভাঁজ করে নিন ঠিক এইভাবে  
এবং তা ইন্সি করে নিন। আরেকটি ভাঁজ করুন এবং  
ইন্সি চালিয়ে যান। টিউটোরিয়ালে দেখানো অনুযায়ী  
ফ্যাব্রিকের দৈর্ঘ্যের চারটি প্রান্তে একই কাজ করুন।

আপনার মেশিনটা সেট করুন স্টিচ প্যাটার্ন সিলেক্টরটা  
এ তে ঘুড়িয়ে এবং স্টিচ লেনথ।

আমরা সেলাই করবো ইন্সি এবং ভাঁজ করা পাশ বরাবর  
যেভাবে টিউটোরিয়ালে দেখানো হচ্ছে। একটি সময়ে  
একটি কর্ণার সেলাই দিয়ে শুরু করুন। যখনি আপনার  
চারটি কর্ণারগুলো সেলাই হয়ে যাবে, বাড়তি সুতাগুলো  
কেটে নিন।



এখন প্রস্তাব পাশ বরাবর - প্রথমে আধা ইঞ্জিভাঁজ  
এবং ইন্সি করুন ঠিক যেভাবে ভিডিওতে দেখছেন।

আবার এক ইঞ্জিভাঁজ এবং ইন্সি করুন। অন্য  
পাশে একই কাজ করুন।

এখন ভাঁজ করা কর্ণারগুলো বরাবর সেলাই করুন।  
এইটা হচ্ছে ফ্লান্স। রিভার্স স্টিচ ব্যবহার করে দুই  
পাশের সেলাইগুলো লক করতে মনে রাখবেন। অন্য  
পাশগুলো একইভাবে সেলাই করুন।

বাড়তি সূতা কেটে নিন। আমরা উপরের টানেলিংটা  
শেষ করে ফেলেছি।

পরবর্তী আমরা এইখানে পাস্টিক নিডেলের সহায়তায়  
দড়িটি ডুকাব এবং টানেলের মধ্য দিয়ে বের করবো।

(দড়িটি সূতাটির মধ্যে ডুকানোর পর একটি গিঁট মেরে  
দিন এবং ঠিক এইভাবে টানেলের মধ্য দিয়ে এক প্রান্ত  
থেকে অন্য প্রান্তে নিয়ে যান। ফ্যাব্রিকের অন্য দিক দিয়ে  
দড়িটি বের করুন টানেলের মধ্যে দিয়ে যেভাবে  
ভিডিওতে দেখানো হচ্ছে। সুইটি বের করুন এবং  
দড়িটিতে একটি গিঁট দিন যাতে বের না হয়।

আপনার পছন্দমতো দড়িটি লম্বা নিন এবং কাটুন।

আবার সুই ব্যবহার করুন এবং দড়িটি অন্য একটি লম্বা  
দড়িটির মধ্যে ডুকান। এইবার অন্য পাশ দিয়ে শুরু  
করুন। এমনভাবে দড়িটি টানেলিং এর মধ্য দিয়ে নিয়ে  
যান যাতে দুটো দড়ি একই সাথে শেষ হয়।

যখনি শেষ হবে, শেষ প্রান্তটি কেটে নিন এবং গিঁট দিন।

খেয়াল রাখবেন যেন দুটো দড়ি লম্বায় একই হয়।  
জিনিসগুলো ঠিক করে করতে টিউটোরিয়ালে যেভাবে  
দেখানো হচ্ছে তা অনুসরণ করুন।

এখন একি দিকের দুইটি দড়ির শেষ প্রান্তটা নিন এবং  
ভাঁজের নিচের প্রান্তে রাখুন ঠিক এইভাবে দুইটি ফাব্রিকে  
কর মাঝ বরাবর রাখুন। জায়গাতে ধরে রাখতে দড়িটি  
পিন দিয়ে আটকিয়ে দিন। পাশগুলোও পিন দিয়ে  
আটকিয়ে দিন।



দুইটি দড়িটি নিয়ে অন্য পাশটিতে একই কাজ করুন। এখন পিন দিয়ে লাগানো কর্নারগুলো সেলাই করুন। মজবুত সেলাইয়ের জন্য শুরুতে একবার রিভার্স স্টিচ করতে ভুলবেন না। লক্ষ রাখবেন সেলাই করার সময় দড়িটি যাতে ভিতরে থাকে। বরাবর সেলাই করার সময় মনে করে পিনগুলো বের করে নিবেন।

বাড়তি দড়িগুলো এবং সূতাগুলো কেটে নিন। পরবর্তী, সেলাই করা কর্নারগুলোর পাশ বরাবর আমরা জিগ-জাগ স্টিচ করবো।

প্যাটার্ন সিলেষ্টেরটা সি তে এবং স্টিচ লেনথ ১.৫ এ সেট করুন। কর্নার বরাবর সেলাই করতে থাকুন। বাড়তি সূতা কেটে নিন। ব্যাগের সামনের দিকটা বের করে নিয়ে আসুন।

আপনার ড্রস্টিং ব্যাগ এখন প্রস্তুত।

ড্রস্টিং ব্যাগ খুব সহজ তৈরি করা এবং আরও সহজ ব্যবহার এবং বহন করা। আপনি এই ব্যাগ গুলো যেকোনো স্ট্যালিশ মজা করার জন্য ব্যবহার করতে পারেন। আপনি যদি ব্যাগ ভালবেসে থাকেন তাহলে আমাদের অন্যান্য ব্যাগের টিউটোরিয়ালগুলো দেখতে পারেন।

খুব সুন্দর না দেখতে!

